[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ সময় বক্তারা বলেন, মরহুম তরিকুল ইসলাম ছিলেন গণমানুষের রাজনীতির সাথে আজীবন যুক্ত। দেশ ও দশের প্রতি সহমর্মী এই মানুষটি সবসময় নিজ আদর্শে ছিলেন অবিচল। জাতীয়তাবাদী রাজনীতির কল্যাণে গণমানুষের ভাগ্যের পরিবর্তন ঘটিয়ে সামাজিক ন্যায়বিচার ভিত্তিক শোষণমুক্ত সমাজ এবং গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠাই ছিল মরহুম তরিকুল ইসলামের রাজনীতির মূল লক্ষ্য। এ লক্ষ্যে তিনি নিরলস ভাবে কাজ করেছেন আজীবন।

মেহেরপুরের ডা. আমিনুল হক করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ এক জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন। তিনি মেহেরপুর শহরের হোটেল বাজারের বাসিন্দা ডা. আমিনুল হক (৬৫)।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৬৭১ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ১১ টি। এর মধ্যে ০১ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৪৬০৪ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৬৭১ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৫ টি (সদর- ১৩, গাংনী- ০৭, মুজিবনগর- ০৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৬ জন। । এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৫৭৬ জন।

শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যানের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি শিকদার মোশারফ হোসেন সোনা (৭০) মারা গেছেন। হৃদ রোগে আক্রান্ত হয়ে বুধবার সকাল সাড়ে ১০টার দিকে ঝিনাইদহ সদর হাসপাতালে তিনি মারা যান।

এ তথ্য নিশ্চিত করেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকাল্পনা কর্মকর্তা ডা. রাশেদ আল মামুন।

ডা. রাশেদ জানান বুধবার সকালে তিনি নিজ বাড়িতে অসুস্থ হলে সকাল সাড়ে ৯টার দিকে সরকারী এ্যম্বুলেন্সে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হয়। এরপর সকাল সাড়ে ১০টার দিকে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

শিকদার মোশারফ হোসেন শৈলকুপা উপজেলা পরিষদের পর পর দুইবার নির্বাচিত চেয়ারম্যান ছিলেন।

তার মৃত্যুতে ঝিনাইদহ ১ শৈলকুপা আসনের সংসদ সদস্য ও ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে বলেছেন তিনি দীর্ঘদিনের রাজনৈতিক সহযোদ্ধাকে হারালেন।

এছাড়া শোক প্রকাশ করেছে উপজেলা আওয়ামীলীগ, অংগ সংগঠন ও বিভিন্ন সামাজিক সংগঠন।

জেল হত্যা দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা

মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে ‘৩রা নভেম্বর’ জেল হত্যা দিবস উপলক্ষে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা ও দোয়া মাহফিল

অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে আলাচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্স এর মাধ্যামে ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

এ সময় আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহিন, দপ্তর সম্পাদক গোলাম কিবরিয়া, আইন বিষয়ক সম্পাদক এ্যাড. পল্লব ভট্ট্রাচার্য, প্রফেসর হাসানুজ্জামান মালেক, উপজেলা ভাইস চেয়ারম্যার মোমিনুল ইসলাম মোমিন, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমুখ। এ সময় জেলা আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জেলহত্যা দিবস উপলক্ষে ত্রিমোহনীতে আলোচনা সভা

ঝিনাইদহ সদর উপজেলার ৩ নং সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণ পুর ত্রিমোহনীতে, জাতীয় চার নেতা (তাজউদ্দীন আহমদ, সৈয়দ নজরুল ইসলাম, ক্যাপ্টেন এম মনসুর আলী, এ এইচ এম কামারুজ্জামান) -এর ৪৫ তম জেলহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে মঙ্গলবার (৩ নভেম্বর) সন্ধ্যায় ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোঃ মোজাম্মেল হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

এ সময় উপস্থিত ছিলেন, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সাইফুল ইসলাম (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, সিরাজুল ইসলাম(ভারপ্রাপ্ত), ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক, মোখলেসুর রহমান শিলু (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, আলিমদ্দিন, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আঃ মান্নান ও সাধারণ সম্পাদক, শাহাদাৎ হোসেন সদা, ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, আঃ সামাদ ও সাধারণ সম্পাদক, হারুন পাঠান, ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি,

আকরাম মালিতা (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, কাঈয়ুম মোল্লা, ৯ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, সনজের আলী বিশ্বাস ও সাধারণ সম্পাদক, আরিফ সর্দার, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ সহ সভাপতি, জহর মিয়া, সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুর্পি, যুগ্ম-সাধারণ সম্পাদক, গাজী আবদুল হালিম, সহ-সাংগঠনিক সম্পাদক আকবর হোসেন, সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সাধারণ সম্পাদক, আমির হোসেন। সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম উজ্জ্বলসহ অন্যান্য নেতৃবৃন্দ। ইউনিয়ন যুবলীগের পক্ষে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন যুবলীগের আহবায়ক শেখ রুহুল আমিন, যুগ্ম-আহবায়ক মোঃ ফজলু করিম,ইউনিয়ন যুবলীগ নেতা মোহাম্মদ আলী, জাহাঙ্গীর আলমসহ অন্যান্য নেতৃবৃন্দ।

আলোচনা সভা শেষে জাতীয় চার নেতার রুহের মাগফিরাত কামনায় দোয়া মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

মেহেরপুরের চকশ্যামনগরে জমি

নিয়ে বিরোধ: আহত ২

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনায় দুই জন আহত হয়েছে।

আহতরা হলো, চকশ্যামনগরের সাবেক মেম্বার ইসরার ছেলে শীতল (২২) ও মৃত আজিলুল হকের ছেলে মুজাল (৫৫) । আহতদের মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যার দিকে চকশ্যামনগর গ্রামে পিরতলায় এ সংঘর্ষের ঘটনাটি ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, জমি সংক্রান্ত বিষয়ে পূর্ব শত্রুতার জের ধরে সন্ধ্যার দিকে চকশ্যামনগর গ্রামের ফজলুর রহমানের ছেলে ফিরোজের নেতৃত্বে মৃত ঝাড়ু শেখের ছেলে ফজদুল, মৃত নবছদ্দী শেখের ছেলে তেতুল, ফজুর ছেলে ফিরোজ, নাকির উদ্দিনের ছেলে আশিক, আসানের ছেলে রকিব, বাকেরের ছেলে কেরা, আনসারের ছেলে জাকির হামলা চালায়।

জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহে যুবলীগের আলোচনা সভা

জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহ সদর উপজেলা যুবলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। গতকাল ৩ নভেম্বর মঙ্গলবার বিকালে জেলা যুবলীগের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা যুবলীগের আহবায়ক ইব্রাহীম খলিল রাজার সভাপতিত্বে এবং যুগ্ম-আহবায়ক হারুনর রশিদের পরিচালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, সদস্য আফাঙ্গীর হোসেনসহ জেলা ও থানা যুবলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা জাতীয় ৪ নেতার হত্যাকারীদের দেশে ফিরিয়ে

এনে দ্রুত বিচারের দাবি জানান। আলোচনা শেষে জাতীয় ৪নেতা, বঙ্গবন্ধু ও তার পরিবারের সকল সদস্যসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

আলমডাঙ্গায় ধান কাটাকে কেন্দ্র করে তিনজন আটক

আলমডাঙ্গার ছত্রপাড়া গ্রামে রাতের বেলা অন্যের জমি থেকে ধান কেটে নেওয়াকে কেন্ত্র করে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ বাদির আরজির প্রেক্ষিতে গ্রামের একটি বাড়ি থেকে কাটা ধানও উদ্ধার করেছে। মঙ্গলবার রাতে ও সকালে ওই তিন জনকে বাড়ি থেকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

মামলা সূত্রে জানা গেছে, ছত্রপাড়া গ্রামের আব্দুল ওহাবের ছেলে নাজমুল ইসলামের মনাখোসা মাঠের ৮ কাঠা জমির কেটে রাখা ধান সোমবার রাতে চুরি যায়। নাজমুল চুরির ঘটনায় একই গ্রামের নেকবার আলীর তিন ছেলে আব্দুর রহিম, আলম হোসেন ও আলী হোসেনের নামে থানায় অভিযোগ দায়ের করেন। পুলিশ মঙ্গলবার রাতে আলী হোসেন ও আব্দুর রহিমকে এবং সকালে আরও আলম হোসেনকে আটক করে থানায় নিয়ে আসেন। দুপুরে তাদেরকে আদালতে সোপর্দ করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, ছত্রপাড়া গ্রামের বহু বছরের পুরানো হিন্দু সম্পত্তির ভোগদখলকে ঘিরে গ্রামের বিবাদমান দুইটি গ্রুপ রয়েছে। এই দুইটি গ্রুপ একাধিক সময়ে খুন-খারাবিতেও জড়িয়ে পড়ার ঘটনা ঘটিয়েছে। একে অপরকে মিথ্যা মামলায়ও জড়ানোর ঘটনা ঘটেছে। মাঠ থেকে ধান চুরির ঘটনায় বাদি ও বিবাদি ওই দুইটি বিবাদমান গ্রুপের লোকজন বলেও জানিয়েছে স্থানীয় সূত্র গুলো।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই সফিক বলেন, মামলার ভিত্তিতে তিন জনকে গ্রেফতার করা হয়েছে। তবে এখনও তদন্ত চলছে। তদন্তে ধান যার বলে জানা যাবে তাকে দিয়ে দেওয়া হবে।

গ্রেফতার আলী হোসেনের পরিবার দাবি করেছে, মাঠ থেকে নাজমুলের যে

ধান চুরি হয়েছে সেটা ধানি গোল্ড জাতের ধান। আর আলম হোসেনের বাড়ি থেকে পুলিশ যে ধান উদ্ধার করেছে তা পাইনার হাইব্রীড জাতের ধান। এই ধানও তিন দিন আগে তাদের জমি থেকে কেটে বাড়িতে এনে রাখেন বলে জানান।

হরিণাকুণ্ডুতে জেলহত্যা দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জেল হত্যা দিবস উপলক্ষে উপজেলা আওয়ামী লীগ’র উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার ঐতিহাসিক ৩ নভেম্বর সকালে জেলহত্যা দিবস উপলক্ষে উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন করা হয়।

এর পর উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান জোয়ার্দারের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, সাবেক চেয়ারম্যান সাবদার আলী,

চাঁদপুর ইউনিয়নের সভাপতি ফজলুর রহমান, উপজেলা যুবলীগের আহবায়ক জেলা পরিষদ সদস্য আশরাফুল হক জুয়েল। উপজেলা ছাত্রলীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের আহবায়ক রিগ্যান আলী, আমরা মুক্তিযোদ্ধার সন্তান কমান্ডের উপজেলা সভাপতি সুমনসহ আওয়ামী লীগ, যুবলীগ, কৃষক লীগ, ছাত্রলীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে আওয়ামী লীগ নেতা মাওলানা তৈয়বুর রহমান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, জাতীয় চার নেতাসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করেন।